# মেহেরপুর সদর উপজেলা পরিষদের জুলাই- ২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ ইয়ারুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ, মেহেরপুর সদর |
| সভার তারিখ ও সময় | : ১৯/০৭/২০২১ খ্রি., বেলা- ১২.০০ ঘটিকা |
| উপস্থিত সদস্যদের নাম | : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

২.০০ **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :**

গত ১৭/০৬/২০২১ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়।

৩.০০ **স্থায়ী কমিটি সমূহের কার্যবিবরণী পর্যালোচনা :**

সভায় আলোচনার জন্য জুলাই- ২০২১ মাসে স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের স্থায়ী কমিটির নির্ধারিত সভা করে সুনির্দিষ্ট প্রস্তাব পেশসহ সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য স্ব স্ব কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।

৪.০০ (ক) **বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি):**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় গৃহিত সমস্ত কাজ ২৯ জুন ২০২১ মাসের মধ্যে সন্তোষজনকভাবে সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের কোন বরাদ্দ এখনও পর্যন্ত পাওয়া যায়নি।

সিদ্ধান্ত: ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় গৃহিত সমস্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। একই সাথে ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তির পর স্কীম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো।

(খ) **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় গৃহিত ও অনুমোদিত ৫৫,৫৩,৩২০.০০ টাকার ০৩টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত দরপত্র আহ্বান করা হয়েছে। আগামী ০৩/০৮/২০২১ খ্রি. তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় দরপত্র উন্মুক্ত করণের দিন ধার্য করা হয়েছে।

সিদ্ধান্ত: দ্রুত ঠিকাদার নির্বাচন করে উপরোক্ত প্রকল্পের কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদরকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৫.০০ **হস্তান্তরিত বিভাগ সমূহের কার্যাবলী :**

| বিভাগীয় কার্যক্রম আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ০১। **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জুন- ২০২১ মাসের নিম্নরুপ প্রতিবেদন দাখিল করেন।<br>ক) বর্হিবিভাগের রোগীকে সেবা প্রদান : ২১৮৫ জন<br>খ) কমিউনিটি ক্লিনিকসমূহের সেবা প্রদান : ১৫৮০৬ জন<br>গ) টিকা প্রদান : বিসিজি- ৩৩০, এম আর ১= ৩৬০, ২য় এমআর- ২৯০, জন সহ স্বাস্থ্য শিক্ষা, আর্সেনিকোসিস সেবা, ডায়রিয়া, নিউমোনিয়া, সর্দি-জ্বর, মাতৃ সেবা, যক্ষ্মা রোগীসহ সকল ধরণের সেবা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০২। **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :**<br>ক) স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতিতে (আই,ইউ,ডি ও ইমপ্লান্ট) মোট : ১৪৮৫ জনকে স্থায়ী ও ৬৪৬৪ জনকে অস্থায়ী পদ্ধতি গ্রহণ করানো হয়েছে।<br>খ) গর্ভবতীর যত্ন, নিরাপদ প্রসব, গর্ভোত্তর যত্ন ও শিশু পরিচর্যা করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |

| | |
|---|---|
| ০৩। **উপজেলা কৃষি দপ্তর:**<br>উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মেহেরপুর সদর উপজেলায় এ বছর মাঠে ফসলের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক এবং আশানুরুপ ফলন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এ উপজেলায় কৃষি প্রণোদনার আওতায় আউশ জাতীয় ফসল আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৫৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে ধান বীজ ও রাসায়নিক সার প্রদান করা হয়েছে। খরিফ- ১/২০২০-২০২১ মৌসুমে মেহেরপুর সদর উপজেলায় রোপা আউশ ধান ৯৫৮৫ হেঃ আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আম ১০০০ হেঃ, লিচু ৩৫০ হেঃ, কলা ৮০০ হেঃ, মুখীকচু ১০০০ হেঃ চাষাবাদ হয়েছে। তাছাড়াও নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শের মাধ্যমে দণ্ডায়মান ফসলে রোগ ও পোকা-মাকড়ের আক্রমণ নিয়ন্ত্রণে রয়েছে। পারিবারিক সবজি ও পুষ্টি বাগানের সবজি উৎপাদন এবং উদ্বুদ্ধকরণের মাধ্যমে সবজি-পুষ্টি বাগান স্থাপন কার্যক্রম চলমান আছে। সেই সাথে ভেজাল সার, বীজ ও বালাইনাশকের মজুদ ও বাজার পরিস্থিতি সন্তোষজনক এবং মনিটরিং অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৪। **উপজেলা মৎস্য দপ্তর :**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৫। **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর :**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, গবাদি পশু ও হাঁস-মুরগীর রোগ প্রতিরোধের লক্ষ্যে গবাদি পশুর ৭৫০৪ টিকা ও হাঁস-মুরগীর ৭০৪০০ মাত্রা টিকা প্রয়োগ করা হয়েছে। ২৫২০ টি গবাদি পশু ও ৬৩২০ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। উন্নত জাতের বকনা /এঁড়ে গরু তৈরী করার লক্ষ্যে ১০৫২ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়।এছাড়াও টিকাবীজ ও কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৫৫,৮৯০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। তাছাড়াও ০৯ টি গবাদি পশু ও মুরগী খামার পরিদর্শন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৬। **উপজেলা শিক্ষা দপ্তর:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। |
| ০৭। **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, (০১) প্রতিষ্ঠান সমূহের শ্রেণি কার্যক্রম বন্ধ আছে। প্রয়োজনে সীমিত আকারে খোলা আছে। (০২) এ্যাসাইনমেন্ট কার্যক্রম বন্ধ আছে। (০৩) সমন্বিত উপবৃত্তির ৬ষ্ঠ, ৯ম ও একাদশ শ্রেণির আবেদনপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। (০৪) মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ টি প্রধান শিক্ষকের পদ শুন্য আছে। (০৫) অনলাইন বিষয়ক ০৩ দিন ব্যাপি প্রশিক্ষণ করানো হয়েছে। (০৬) চাহিদাকৃত তথ্যাদি যথারীতি পাঠানো হচ্ছে। (০৭) এ কার্যালয়ের একজন কর্মকর্তা ও ৩য় শ্রেণির ০১ টি পদ খালি আছে। (০৮) প্রতিষ্ঠান প্রধানগণের সাথে ০৩ টি Zoom Meeting করা হয়েছে। (০৯) পরিদর্শন কার্যক্রম চলমান আছে। সেই সাথে তাদের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। |
| ০৮। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন ও ত্রাণ বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো টি.আর/ কাবিটা কর্মসূচির ৯০% চলমান। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |

| | |
|---|---|
| ০৯। **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সাংগঠনিক ও ঋণদান কার্যক্রম (মূল ও প্রকল্পসমূহ) যথারীতি চলছে। একই সাথে অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি)- ৩ এর কার্যক্রম সহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ১০। **উপজেলা সমবায় দপ্তর :**<br>উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা- ৯৬ টি, (প্রাথমিক সমিতি ৯৪ টি ও কেন্দ্রিয় সমিতি ২ টি) অডিট কার্যক্রম যথাযথভাবে চলছে। সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য আছে। ঋণ আদায় কার্যক্রম যথারীতি চলছে। আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম যথারীতি পরিদর্শন করা হচ্ছে। ঋণ আদায়ের শতকরা হার ৯৭%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ১১। **উপজেলা যুব উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর জানান যে, চলমান মাসে ঋণ আদায়যোগ্য- ১,৮৩,০০৫/- টাকা। চলমান মাসে ঋণ আদায়কৃত- ১,৮৩,০০৫/- টাকা। ঋণ আদায়ের হার ১০০%। চলতি মাসে প্রশিক্ষণ গ্রহণকারী সংখ্যা ৩০০ জন। অন্যান্য কার্যক্রম ভালভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ১২। **উপজেলা সমাজসেবা দপ্তর :**<br>উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ৩। **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হয়। |
| ১৪। **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, অত্র উপজেলায় পিইডিপি-৪ এর আওতায় ১১(এগার) টি বিদ্যালয় এবং NBIDGPS-1 এর আওতায় ১৩টি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ/ আনুভূমিক সম্প্রসারণ/ উর্ধ্বমূখি সম্প্রসারণ কাজ চলমান আছে। আমদহ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত এবং আশরাফপুর জামে মসজিদের পুকুর ও আশরাফপুর সলিতলা চালতলা জামে মসজিদের পুকুর ঘাটলা সহ পুনঃখনন কাজ সন্তোষজনকভাবে সমাপ্ত হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |
| ১৫। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :**<br>উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |
| ১৬। **ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র:**<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, মেহেরপুর এসএফএনটিসিএফ কে অনুরোধ করা হয়। |

৫.০১ অন্যান্য বিভাগ সমূহের কার্যাবলী :

| | |
|---|---|
| ০১। **আমার বাড়ি আমার খামার প্রকল্প :**<br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মেহেরপুর সদর, সভায় জানান যে, সমিতি গঠনের লক্ষমাত্রা ৮০, ক্রমপুঞ্জিত অর্জন ৮০, সদস্য ভর্তির মাসিক অর্জন ০, ক্রমপুঞ্জিত অর্জন ৪৬০০, সঞ্চয় জমার মাসিক অর্জন ৩.৩৯, ক্রমপুঞ্জিত অর্জন ২০৫.১৩, ক্রমপুঞ্জিত উৎসাহ বোনাস প্রদান ১৯১.০২, ক্রমপুঞ্জিত ঋণ তহবিল প্রদান ২৩৩.৩৫, সমিতির মোট তহবিল ৬২৯.৫০, মাসিক ঋণ বিতরণ ১০৫.১০, ক্রমপুঞ্জিত বিতরণ ১৫০৪.৯১ মাসিক ঋণ আদায় ৪৩.০৬ ক্রমপুঞ্জিত আদায় ৭৬৭.৭৮ খেলাপীর পরিমাণ ২৭.০৯ এবং খেলাপী ঋণের হার ৪%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |
| ০২। **তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) :**<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |

৬.০০ **বিবিধ:**

**(ক) উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম উদ্বোধন:**

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর সভায় জানান যে, আগামী ২২ জুলাই ২০২১ খ্রি. তারিখ বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকায় মেহেরপুর সদর উপজেলা পরিষদের নবনির্মিত সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম শুভ উদ্বোধন হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে জনাব ফরহাদ হোসেন এমপি মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ভবন ও হলরুম উদ্বোধন করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে এ সভার সকল সদস্যবৃন্দ, সকল ইউনিয়নের ইউপি সদস্য এবং সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত থাকার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন।

সিদ্ধান্ত: উপজেলা পরিষদের সকল সদস্যবৃন্দ, সকল ইউনিয়নের ইউপি সদস্য এবং সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ উক্ত উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকার বিষয়ে সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হলো।

**(খ) নব নির্মিত সম্প্রসারিত প্রশাসনিক ভবনের বিভিন্ন কক্ষে ও সভাকক্ষের জন্য কোটেশনের মাধ্যমে নতুন আসবাবপত্র সংগ্রহ:**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর সভায় জানান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের নব নির্মিত সম্প্রসারিত প্রশাসনিক ভবনের বিভিন্ন কক্ষে ও সভাকক্ষে ব্যবহারের জন্য নতুন আসবাবপত্র সংগ্রহ খাতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে গত ফেব্রুয়ারি- ২০২১ মাসের সভায় বিস্তারিত আলোচনা হয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে আসবাবপত্র ক্রয়ের বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নরুপ কমিটি গঠন করা হলো।

**কমিটি:**

| | | |
|---|---|---|
| ০১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর সদর | আহবায়ক |
| ০২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | সদস্য |
| ০৩. | উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | সদস্য |
| ০৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর | সদস্য |
| ০৫. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর | সদস্য |

**(গ) ভ্রমণ বিল সংক্রান্ত :**

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের জুন- ২০২১ মাসের ভ্রমণ বিল দাখিল করেছেন। উক্ত ভ্রমণ বিল অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**(ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ০১/০৬/২০২১ হতে ৩০/০৬/২০২১ পর্যন্ত ব্যয় বিবরণী:**

| ক্রম | ব্যয়ের খাত | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | বাংলা ১৪২৭-১৪২৮ সনের ফলকর ও বাংলা ১৪২৮ সনে হাট-বাজার ইজারার বিজ্ঞাপন বিল | ২০,৬০৮/- |
| ০২ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের সম্মানী মে- ২০২১ | ৯৯,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ০১ (এক) জন কর্মচারী তথা মালীর বেতন বাবদ মে- ২০২১ | ১৫,৯৫০/- |
| ০৪ | উপজেলা পরিষদ ও প্রশাসনিক ভবনের বিদ্যুৎ বিল (জানুয়ারি-মে-২০২১) | ২৯,১৮০/- |
| ০৫ | সিসি ক্যামেরা মেরামত | ২,৫০০/- |
| ০৬ | উপজেলা পরিষদের মে-জুন ২০২১ মাসের আপ্যায়ন ব্যয় | ৬০,০০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের আনুষঙ্গিক ব্যয় মে-জুন- ২০২১ মাসের | ১০,০০০/- |
| ০৮ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের সম্মানী জুন- ২০২১ | ৯৯,০০০/- |
| ০৯ | উপজেলা পরিষদের ০১ (এক) জন কর্মচারী তথা মালীর বেতন বাবদ জুন- ২০২১ | ১৬,৫০০/- |
| ১০ | উপজেলা পরিষদের ইলেকট্রিক কাজের বিল | ৩,০৪০/- |
| ১১ | মুজিব শতবর্ষের ঘর নির্মাণ | ১,৭১,০০০/- |
| ১২ | উপজেলা পরিষদের জীপগাড়ি সার্ভিসিং বাবদ ব্যয় | ৬,৮০০/- |
| | সর্বমোট ব্যয় = | ৫,৩৩,৫৭৮/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ ইস্রারুল ইসলাম) ১৯/৭/২১
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মেহেরপুর সদর

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৭৮৭.০০০.০০৬.০১৪.২০১৯-৫৯৬(৩০)

তারিখ : ০৪ শ্রাবণ ১৪২৮
১৯ জুলাই ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ও সংসদ সদস্য, ৭৩ মেহেরপুর -১
০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০৫। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বয়রা, খুলনা
০৬। জেলা প্রশাসক, মেহেরপুর

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৭। ..............................................................................
..............................................................................

১৯.৭.২১
(মোঃ মাসুদুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেরপুর সদর